ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

Sub: Bengali Grammar Work Sheet-4 Class: 6 Date: 17.04.2020

# ধ্বনি ও বর্ণ

১। মানুষের ভাষার মুখের উচ্চারণের মূলে কি আছে?
(ক) শব্দ (খ) বর্ণ
(গ) ধ্বনি (ঘ) কোনটি নয়

২। ধ্বনির লিখিত রূপ হল —
(ক) পদ (খ) শব্দ
(গ) ভাষা (ঘ) বর্ণ

৩। কোনো এক ভাষার সব বর্ণকে বলা হয় —
(ক) ভাষাগোষ্ঠী (খ) বর্ণমালা
(গ) ভাষালিপি (ঘ) কোনটি নয়

৪। বাংলা ব্যাকরণে ধ্বনিকে ভাগ করা হয় —
(ক) দুই ভাগে (খ) তিন ভাগে
(গ) চার ভাগে (ঘ) পাঁচ ভাগে

৫। বাংলা ব্যাকরণে স্বরধ্বনির সংখ্যা কতগুলি?
(ক) আট (খ) নয়
(গ) দশ (ঘ) এগারো

৬। যে ধ্বনি অন্য ধ্বনির সাহায্য ছাড়া নিজেই উচ্চারিত হয় তাকে বলে —
(ক) ব্যঞ্জন ধ্বনি (খ) স্বরধ্বনি
(গ) উষ্মধ্বনি (ঘ) কোনটি নয়

৭। 'ব্যকরণ' শব্দটির অর্থ —
(ক) বিশেষ করণীয় (খ) বিশেষ কিছু করা
(গ) বিশেষরূপে বিশ্লেষণ করা (ঘ) কোনটি নয়

৮। বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন —
(ক) বিদ্যাসাগর (খ) ম্যানুয়েল দ্য-আস্‌সুম্পসাম্‌
(গ) রাজা রামমোহন (ঘ) রবীন্দ্রনাথ

৯। বাংলা অক্ষরে বাংলা ব্যাকরণ প্রথম মুদ্রিত ও প্রকাশিত হয় —
(ক) ১৭৭২ খ্রীঃ (খ) ১৭৭৮ খ্রীঃ
(গ) ১৭৮০ খ্রীঃ (ঘ) ১৭৮২ খ্রীঃ

১০। বাঙালীদের মধ্যে প্রথম ব্যাকরণ রচনা করেন —
(ক) রাজা রামমোহন (খ) বিদ্যাসাগর
(গ) রবীন্দ্রনাথ (ঘ) স্বামী বিবেকানন্দ

১১। উচ্চারণের সময়ভেদে স্বরবর্ণের কয়টি ভাগ?

(ক) দুই (খ) তিন

(গ) চার (ঘ) পাঁচ

১২। গঠনের দিক থেকে স্বরবর্ণের কয়টি ভাগ?

(ক) পাঁচ (খ) চার

(গ) তিন (ঘ) দুই

১৩। যে স্বরধ্বনিকে ভাঙা যায় না, তাকে বলে —

(ক) মৌলিক স্বর (খ) যৌগিক স্বর

(গ) প্লুত স্বর (ঘ) কোনটি নয়

১৪। যে ধ্বনি স্বরধ্বনির সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না, তা হল —

(ক) ব্যঞ্জন ধ্বনি (খ) যুগ্ম ধ্বনি

(গ) যৌগিক স্বরধ্বনি (ঘ) কোনটি নয়

১৫। যাদের উচ্চারণে একাধিক স্বরধ্বনির যোগ থাকে, তাকে বলে —

(ক) হ্রস্ব স্বর (খ) দীর্ঘ স্বর

(গ) মৌলিক স্বর (ঘ) যৌগিক স্বর

**Amit Kundu**

*********